

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, ফেব্রুয়ারি ১৬, ২০১৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পদ্মা উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্থানীয় সরকার বিভাগ

উপজেলা-১ শাখা

প্রজ্ঞাপন

তারিখ : ০২ ফেব্রুয়ারি ২০১৫

নং ৪৬.০৪৬.০২৭.০০.০০.৩৬৩.২০১৫-১০৫—যেহেতু, জনাব মোঃ নুরুল আমিন, চেয়ারম্যান, মীরসরাই উপজেলা পরিষদ-এর বিরুদ্ধে মীরসরাই থানার মামলা নং-১৪(৬)১৩; জি.আর. মামলা নং- ১৩৭/১৩, মীরসরাই থানার মামলা নং-০৮(০৮)১২ জি.আর. মামলা নং-২১৪/১২ বিজ্ঞ আদালত কর্তৃক অভিযোগপত্র গৃহীত হয়েছে;

যেহেতু, বিজ্ঞ আদালত কর্তৃক জনাব মোঃ নুরুল আমিন, চেয়ারম্যান, মীরসরাই উপজেলা পরিষদ, চট্টগ্রাম-এর বিরুদ্ধে অভিযোগপত্র গৃহীত হওয়ায় তাঁর দ্বারা উপজেলা পরিষদের ক্ষমতা প্রয়োগ জনস্বার্থের পরিপন্থী মর্মে সরকার মনে করে;

সেহেতু, উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ(সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত]-এর ধারা ১৩(খ)(১) অনুসারে চট্টগ্রাম জেলার মীরসরাই উপজেলা পরিষদ চেয়ারম্যান জনাব মোঃ নুরুল আমিনকে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

এ আদেশ জনস্বার্থে জারি করা হল এবং অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

লুৎফুন নাহার
সিনিয়র সহকারী সচিব।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(৯৮৫)

মূল্য : টাকা ৪.০০